



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়


নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৬.২৪-৩৮০

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১  
২৭ মে ২০২৪

**বিষয়: ষষ্ঠ উপজেলা পরিষদের ৪র্থ ধাপে ০৫ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠেয় কুমিল্লা জেলার হোমনা এবং কিশোরগঞ্জ জেলার  
ভৈরব উপজেলা পরিষদের নির্বাচনে অংশগ্রহণের অনুমতি প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৯৮৬/২০২৪ এর ২০ মে ২০২৪ তারিখের আদেশের প্রেক্ষিতে ষষ্ঠ উপজেলা পরিষদের ৪র্থ ধাপে ০৫ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠেয় কুমিল্লা জেলার হোমনা উপজেলা পরিষদের নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী জনাব মোঃ নাছির উদ্দিন পাঠান-কে এবং মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৬০২৯/২০২৪ এর ২৩ মে ২০২৪ তারিখের আদেশের প্রেক্ষিতে ষষ্ঠ উপজেলা পরিষদের ৪র্থ ধাপে ০৫ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠেয় কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলা পরিষদের নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী জনাব মোঃ মোশারফ হোসেন-কে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসেবে অন্তর্ভুক্ত করে উক্ত নির্বাচনে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

  
(মোঃ আতিয়ার রহমান)  
উপসচিব

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা ও রিটার্নিং অফিসার
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ/হোমনা, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার


নির্বাচন পরিচালনা-২  
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)  
E-mail: ecsemc2@gmail.com

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৬.২৪-৩৮০

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১  
২৭ মে ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম বিভাগ
২. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা/চট্টগ্রাম রেঞ্জ,
৩. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৪. প্রকল্প পরিচালক (ইডিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ/কিশোরগঞ্জ ও আপিল কর্তৃপক্ষ
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ/কুমিল্লা
৮. পুলিশ সুপার, কিশোরগঞ্জ/কুমিল্লা
৯. উপসচিব, নির্বাচন পরিচালনা-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ব্যালট পেপার মুদ্রণসহ অন্যান্য প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণের জন্য)
১০. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, কিশোরগঞ্জ/কুমিল্লা
১১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. উপজেলা নির্বাচন অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ/হোমনা, কুমিল্লা
১৫. অফিসার ইন চার্জ, .....(সংশ্লিষ্ট থানা)।

  
২৭/৫/২০২৪  
(মোহাম্মদ শাহজালাল)

সিনিয়র সহকারী সচিব  
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা  
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)  
E-mail: ecsemc2@gmail.com

G:\Letter\_emc2.doc

অফিসের ঠিকানা:

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ:

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল: secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস: www.ecs.gov.bd